স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৬ ও জুন, ২০১৭

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম – ১ (Subsidiary – 1)

প্রথম পত্র [SBG-I : Bangla Sahityer Itihas O Bhasatattwa] (P-I)

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) 'চর্যাচর্যবিনিশ্চয়'-এর গ্রন্থপরিচয় উল্লেখ করে তার ভাষার বৈশিষ্ট্য ও ছন্দ সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(খ) বিদ্যাপতিকে 'মৈথিল কোকিল' বলা হয় কেন ? তাঁর রচিত পদাবলীর একটি সংক্ষিপ্ত মূল্যায়ন উপস্থাপন করুন।

(গ) বাংলার সমাজ-সাহিত্য ও সাংস্কৃতিক ক্ষেত্রে শ্রীচৈতন্যের প্রভাব বিষয়ে আলোচনা করুন।

(ঘ) বাংলা গদ্যের বিকাশে মিশনারীদের ভূমিকা সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) টীকা লিখুন (যে-কোনো **দুটি**) : ৬ × ২

(অ) প্যারীচাঁদ মিত্র

(আ) ঈশ্বর গুপ্ত

(ই) নাট্যকার মধুসূদন দত্ত

(ঈ) বঙ্কিমচন্দ্রের দেশপ্রেমমূলক উপন্যাস।

(খ) ধর্মমঙ্গল কাব্যের সংক্ষিপ্ত পরিচয় উল্লেখ করে তার দু'জন কবির কবিকৃতি সম্পর্কে লিখুন।

(গ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের পরিচয় দিন। এই কাব্যে ভারতচন্দ্রের কবিকৃতি সম্পর্কে মূল্যায়ন করুন।

(ঘ) রবীন্দ্রনাথের রচিত উপন্যাসগুলির উল্লেখ করে ঔপন্যাসিক রবীন্দ্রনাথ সম্পর্কে অতি সংক্ষিপ্ত মূল্যায়ন উপস্থাপন করুন।

(ঙ) মধ্য-বাংলা ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

(চ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি সম্পর্কে আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১০০** শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) রেখাচিত্রের মাধ্যমে বাংলা শব্দভাণ্ডারের বিভিন্ন প্রকারগুলি নির্দেশ করুন।

(খ) সুভাষণরীতি কী ? উদাহরণসহ লিখুন।

(গ) কামরূপী উপভাষার চারটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ উল্লেখ করুন।

(ঘ) সংক্ষিপ্ত টীকা লিখুন (যে-কোনো **দুটি**) : ৩ × ২

(অ) বনফুল, (আ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, (ই) সুধীন্দ্রনাথ দত্ত, (ঈ) বুদ্ধদেব বসু, (উ) সুভাষ মুখোপাধ্যায়।

(ঙ) রবীন্দ্রকাব্যের ‘সোনার তরী’ সময়কালের কাব্য — এ সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(চ) কমলাকান্ত চক্রবর্তীর কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে উল্লেখ করুন।

(ছ) বৃন্দাবন দাসের ‘চৈতন্যভাগবত’ কাব্যটির পরিচয় দিন।

(জ) সৈয়দ আলাওল কে ছিলেন ? তাঁর কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিন।